

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
দৌলতপুর, কুষ্টিয়া  
[www.daulatpur.kushtia.gov.bd](http://www.daulatpur.kushtia.gov.bd)

স্মারক নং-৩১.৪৪.৫০৩৯.০০০.২৪.০০৬.২৩.৯৭৩(যুক্ত)

তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪৩০  
১৪ ডিসেম্বর ২০২৩

বিষয় : শ্রান্তি বিনোদনভাতাসহ ১৫ (পনের) দিনের অর্জিত ছুটি পাওয়ার আবেদন অগ্রায়ণ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দৌলতপুর উপজেলাধীন মথুরাপুর ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত জনাব মোঃ আক্তারুজ্জামান, ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা গত ১৩/১২/২০২০ তারিখে শ্রান্তি বিনোদনভাতাসহ ১৫ (পনের) দিনের অর্জিত ছুটি পাওয়ার জন্য আবেদন করে প্রাপ্ত হয়েছিলেন। ইতোমধ্যেই উক্ত সময় তিন বছর অতিবাহিত হয়েছে। বিধি মোতাবেক তিনি শ্রান্তি বিনোদনভাতাসহ ১৫ (পনের) দিনের অর্জিত ছুটি পাওয়ার জন্য ১৩/১২/২০২৩ তারিখে আবেদন করেছেন। উল্লেখ্য যে, নভেম্বর-২০২৩ মাসে ১২৫০০-৩০২৩০/- টাকা বেতনস্কেলে ২১,৪৫০/- (একুশ হাজার চারশত পঞ্চাশ) টাকা মাত্র মূল বেতন উত্তোলন করেছেন। উল্লেখ্য যে, বর্ণিত কর্মকর্তার মূল চাকরি বই পদোন্নতির নিমিত্ত গ্রেডেশন তালিকা প্রণয়নের জন্য এ কার্যালয়ের ১৪/১১/২০২৩ তারিখের ৩১.৪৪.৫০৩৯.০০০.২৪.০০৮.২২.৮৮৭(যুক্ত) স্মারকে মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, আবেদনকারীর আবেদন ও চাকরি বইয়ের সত্যায়িত ফটোকপি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহ এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ

- ১) আবেদন ও অর্জিত ছুটির ফরম-২(দুই) পাতা।
- ২) চাকরি বই ( সত্যায়িত ফটোকপি) ১(এক) টি।

জেলা প্রশাসক  
কুষ্টিয়া।

  
(মোঃ শাহীদুল ইসলাম)  
পরিচিতি নং-১৮৪৯৩  
সহকারী কমিশনার(ভূমি)  
দৌলতপুর, কুষ্টিয়া  
মোবাঃ ০১৭৩০-৪৭৩৬৩৪

email:acldaulatpur17797@gmail.com

১৪/১২/২৩